



প্রকাশ : ১২ মে, ২০১৬ ১১:৪৫
আপডেট : ১২ মে, ২০১৬ ১১:৫১

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

রাতে ফেসবুকে নাগরিকদের মুখোমুখি হচ্ছেন মেয়র আনিসুল হক

| অনলাইন ডেস্ক



গুছিয়ে নিন প্রশ্ন
আপনার প্রত্যাশা
নাগরিক দূর্ভোগের তালিকা কবুন
পরামর্শ দিন
আমি আসছি আমরা
ঢাকা-য়
১২ মে, বৃহস্পতিবার, রাত ৮ টা থেকে ১০ টা

দায়িত্ব গ্রহণের এক বছরের অভিজ্ঞতা ভাগাভাগি করতে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে নাগরিকদের মুখোমুখি হচ্ছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক।

আজ বৃহস্পতিবার রাত ৮টা থেকে ১০টা 'আমরা ঢাকা' এর ফেসবুক পেজের মাধ্যমে 'ফেসবুক

লাইভ'-এ থাকছেন তিনি। এই দু'ঘণ্টা তিনি নগর উন্নয়নে নাগরিকদের পরামর্শ, প্রত্যাশা, প্রশ্ন ও অভিযোগ শুনবেন এবং সে অনুযায়ী জবাব দেবেন।

এই কার্যক্রমে অংশ নিতে 'আমরা ঢাকা'র ফেসবুক পেজে লাইক দিতে হবে। এরপর নিউজ ফিডে 'আমরা ঢাকা'র নোটিফিকেশন চালু রাখতে হবে।

এরপর মেয়র লাইভে আসতেই বার্তা পৌঁছে যাবে আপনার কাছে। ফোন থেকে মেয়র আনিসুল হকের লাইভ ব্রডকাস্ট পেতে হলে আপনার স্মার্ট ফোন থেকে ট্যাপ করুন।

সম্প্রতি তারকাদের লাইক পেজে 'লাইভ' অপশন যোগ করে ফেসবুক কর্তৃপক্ষ। এরপর থেকে তারকারা তাদের ভক্তদের সঙ্গে সরাসরি ভিডিও চ্যাটের মাধ্যমে যোগাযোগ করে চলেছেন। ভক্তরাও তাদের পছন্দের তারকার সঙ্গে কথা বলতে পেরে আনন্দিত হচ্ছেন।

দেশের কোনো জনপ্রতিনিধির ক্ষেত্রে এটাই হবে প্রথম জবাবদিহিমূলক ওয়েবকাস্টিং। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশের ইতিবাচক ও সফল প্রয়োগকে নগরবাসীর সামনে তুলে ধরতেই এই উদ্যোগ নিয়েছেন আনিসুল হক।

বুধবার গণমাধ্যমে প্রেরিত এক বিজ্ঞপ্তিতে 'আমরা ঢাকা'র জ্যেষ্ঠ গবেষক মাহবুব রশিদ এসব তথ্য জানান।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ৬ মে ২০১৫ ঢাকা উত্তরের মেয়র হিসেবে শপথ নেন আনিসুল হক। আর আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার বুঝে নেন ১৪ মে। শুরু করেন নাগরিকদের জন্য সমাধান যাত্রা। মেয়র হিসেবে দায়িত্ব পালনের এক বছর পূর্তি উপলক্ষে ১২ মে (বৃহস্পতিবার) রাত ৮টা থেকে রাত ১০টা পর্যন্ত তিনি লাইভে থেকে দায়িত্ব গ্রহণের এক বছরের অভিজ্ঞতা ভাগাভাগি করবেন নগরবাসীর সঙ্গে।

আমরা ঢাকার ফেসবুক পেজ : www.facebook.com/AmraDhaka। লাইভ ওয়েবকাস্টিংয়ে 'আমরা ঢাকা'কে পূর্ণ সহযোগিতা দেবে প্রচার অপেক্ষমাণ টেলিভিশন চ্যানেল 'নাগরিক'।

বিডি-প্রতিদিন/১২ মে, ২০১৬/মাহবুব